তারিখ 10 JUN 2015
পৃষ্ঠা ৩ কলাম ৫

দৈনিক
ইত্তেফাক

# শিক্ষা প্রতিষ্ঠানের উদ্যোক্তাদের মূল্যায়নে ১১ দফা দাবি

■ ইত্তেফাক রিপোর্ট

দেশে বেসরকারি স্কুল কলেজ প্রতিষ্ঠাতাদের সঠিব মূল্যায়ন করা হয় না বলে অভিযোগ করেছে বাংলাদেশ বেসরকারি স্কুল কলেজ প্রতিষ্ঠাতা সোসাইটি। গতকাল মঙ্গলবার ঢাকা রিপোর্টার্স ইউনিটির সাগর-রুনি মিলনায়তনে আয়োজিত সাংবাদিক সম্মেলনে এমন অভিযোগ করেন সংগঠনটির নেতৃবৃন্দ।

সাংবাদিক সম্মেলনে বলা হয়, দেশে প্রায় ৩৫ হাজার এমপিওভুক্ত বেসরকারি স্কুল-কলেজ রয়েছে। অনেকে নিজ এলাকায় শিক্ষার আলো ছড়ানোর উদ্দেশে নিজের সম্পত্তি এবং অর্থ ব্যয় করে বিভিন্ন স্থানে শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করেছেন।

প্রতিষ্ঠাতাদের মূল্যায়নের লক্ষ্যে ১১ দফা দাবি জানানো হয়েছে। সাংবাদিক সম্মেলনে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে একক প্রতিষ্ঠাতাকে স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডিতে পদাধিকার বলে আজীবন প্রতিষ্ঠাতা-সভাপতি হিসাবে গণ্য করার বিধান বাধ্যতামূলক রাখা, একই প্রতিষ্ঠানে একাধিক প্রতিষ্ঠাতা হলে তাদের মধ্য হতে মতামতের ভিত্তিতে একজনকে সভাপতি রাখার বিধান রাখার দাবি জানানো হয়।

উপস্থিত ছিলেন সংগঠনের নির্বাহী চেয়ারম্যান আলহাজ্ব আজহারুল ইসলাম, সিনিয়র ভাইস চেয়ারম্যান আলহাজ্ব আব্দুল হাই, আলহাজ্ব করিম উল্লা, প্রফেসর শেখ আবুল হোসেন, মহাসচিব মো: আবুল বশির, অর্থ সচিব মোঃ নূরুল আলম ভুঁইয়া প্রমুখ।